

খার্ড টার্মিনালের কাজে আর্থিক কোনো সংকট নেই : বেবিচক চেয়ারম্যান

- A Monitor Desk Report

Date: 10 July, 2024



হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের কাজে আর্থিক কোনো সংকট নেই। ইতোপূর্বেই সব কিছুই বরাদ্দ হয়েছে বলে জানিয়েছেন বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার কমোডর সাদিকুর রহমান চৌধুরী।

তিনি বলেন, এখানে কোনো ঘাটতি নেই। বিশ্বমানের সব সুবিধা নিয়ে চালু হবে হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল। মূল ভবনের সৌন্দর্য বর্ধন এবং ভবন নির্মাণের কাজ শেষ পর্যায়ে।

মঙ্গলবার (৯ জুলাই)বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক)-এর প্রধান কার্যালয়ে এভিয়েশন অ্যান্ড ট্যুরিজম জার্নালিস্ট ফোরাম অব বাংলাদেশের (এটিজেএফবি) নেতৃবৃন্দের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, নির্ধারিত সময়ে তৃতীয় টার্মিনালের কাজ সম্পন্ন করতে বেশ কয়েকটি সংস্থা একযোগে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। মূল ভবনের কাজ ইতোমধ্যেই শেষের পথে। ধীরে ধীরে ধাপ অনুযায়ী টার্মিনালটির ব্যবহার শুরু হবে।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, দ্রুত সময়ের মধ্যে পরীক্ষামূলক পরিচালনা কার্যক্রম শুরু করা হবে। এটা সময় সাপেক্ষ ব্যাপার। সব কাজ নির্ভুলভাবেই সম্পন্ন করতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন, এভিয়েশন অ্যান্ড ট্যুরিজম জার্নালিস্ট ফোরাম অব বাংলাদেশের (এটিজেএফবি) সভাপতি তানজিম আনোয়ার, অর্থ সম্পাদক শাহিউল্যা সুমন, সাংগঠনিক সম্পাদক ইমরুল কাওসার ইমন, কার্যনির্বাহী সদস্য খালিদ আহসান, রাশেদুল হাসান এবং সংগঠনের সদস্য আবুল আজাদ সোলায়মান।

